

উসূলে ফিক্কহ (ফিক্কহের মূলনীতি)

বিভাগ/অধ্যায়ঃ ফাতাওয়া দানকারী-মুফতী ও ফাতাওয়া প্রার্থী প্রসঙ্গে (المفتي والمستفتي) রচয়িতা/সঙ্কলকঃ শাইখ মুহাম্মাদ বিন সালিহ আল-উসাইমীন (রহঃ)

ফাতাওয়া প্রার্থীর জন্য যা আবশ্যক (يلزم المستفتى أمران)

ফাতাওয়া প্রার্থীর জন্য বেশ কিছু জিনিস আবশ্যক। যথা:

প্রথম: ফাতাওয়া জিজ্ঞেস করার দ্বারা তার উদ্দেশ্য হবে হক্ক জানা ও তদনুযায়ী আমল করা। সুযোগ সন্ধান ও মুফতিকে প্রশ্নবিদ্ধ করা প্রভৃতি অসৎ উদ্দেশ্যে নয়।

দ্বিতীয়: যিনি সংশ্লিষ্ট বিষয় জানেন এমন ব্যক্তির কাছ থেকেই কেবল ফাতাওয়া গ্রহণ করতে হবে অথবা যার ব্যাপারে প্রবল ধারণা আছে যে, তিনি জ্ঞানগত দিক থেকে ও আল্লাহভীরুতার ক্ষেত্রে তুলনামূলক নির্ভরযোগ্য মুফতি, ফাতাওয়া প্রদানের যোগ্য তাহলে তার নিকট থেকেই ফাতাওয়া গ্রহণ করা উচিত হবে। কেউ কেউ এভাবে বেঁছে নেয়াকে আবশ্যক বলেছেন।

তৃতীয়: তিনি প্রশ্নকারীর অবস্থা বাস্তবতার আলোকে সুক্ষ্মভাবে বিবরণ দিবেন। যেমন: প্রশ্নকারী এভাবে বলবে যে, আমরা সমুদ্রে ভ্রমণ করি। আমরা সাথে অল্প কিছু পানি বহন করে নিয়ে যাই তা দিয়ে ওযু করলে আমরা পিপাসিত হই। এমতাবস্থায় আমরা কি সমুদ্রের পানি দিয়ে ওযু করতে পারবো?

চতুর্থ: মুফতি জবাবে যা বলবেন, প্রশ্নকারী তা মনোযোগ দিয়ে শুনবেন। এমনকি জবাব পরিপূর্ণভাবে না বুঝে চলে যাবেন না।

Source — https://www.hadithbd.com/books/link/?id=9469

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন